চুয়াডাঙ্গা আলমডাঙ্গার পাঁচকমলাপুরে আসছে মিজানুর রহমান আজাহারী

চুয়াডাঙ্গায় আসছেন এ সময়ের সবচেয়ে আলোচিত ও জনপ্রিয় বক্তা, বিশিষ্ট ইসলামিক স্কলার ও পবিত্র কোরআন গবেষক শায়খ মিজানুর রহমান আল আজাহারী।

আগামী ১৬ ডিসেম্বর সোমবার আলমডাঙ্গার পাঁচকমলাপুর কওমিয়া হাফেজিয়া মাদ্রাসার ১৩তম ঐতিহাসিক তাফসিরুল কোরআন মাহফিলে অংশ নেবেন তিনি।

তিনি কোরআন ও হাদিস থেকে প্রধান বক্তা হিসেবে গুরুত্বপূর্ণ আলোচনা করবেন। মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চুয়াডাঙ্গার কৃতী সন্তান পাঁচকমলাপুর কওমিয়া হাফিজিয়া মাদ্রাসার পরিচালক, বাংলাদেশ বিজনেস চেম্বার অব সিঙ্গাপুর (বিডিচ্যাম)-এর প্রেসিডেন্ট আলহাজ্ব সাহিদুজ্জামান টরিক।

পাঁচকমলাপুর হাফিজিয়া মাদ্রাসার মুহতামিম হযরত মাওলানা আব্দুল হামিদের সভাপতিত্বে বিশেষ বক্তা হিসেবে ওই দিন তাফসির পেশ করবেন বিশিষ্ট ইসলামিক চিন্তাবিদ, মুফাচ্ছিরে কোরআন হযরত মাওলানা মুফতি আলী আকবর। মাহফিল উপলক্ষে মাদ্রাসার পাশ্ববর্তী বিশালাকার মাঠে প্যান্ডেল নির্মাণ ও মাঠ প্রস্তুতের শেষ পর্যায়ের কাজ চলছে।

প্রসঙ্গত, চুয়াডাঙ্গা আলমডাঙ্গার ঐতিহ্যবাহী দ্বীনি শিক্ষাপ্রতিষ্ঠান পাঁচকমলাপুর কওমিয়া হাফেজিয়া মাদ্রাসা।

এ প্রতিষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক ও পরিচালক, বাংলাদেশ বিজনেস চেম্বার অব সিঙ্গাপুর (বিডিচ্যাম)-এর প্রেসিডেন্ট আলহাজ্ব সাহিদুজ্জামান টরিকের আমন্ত্রণে চুয়াডাঙ্গায় আসছেন শায়খ মিজানুর রহমান আল আজাহারী।

- চিৎলা প্রতিনিধি

দরবেশপুর গ্রামে গরুর মাংসে আল্লাহ্ লেখা !

মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামে গরুর মাংসে আল্লহ্ লেখা এই আশ্চর্য ঘটনাটি ঘটেছে।
গতকাল শনিবার এই ঘটনাটি ঘটে দরবেশপুর গ্রামের আমিন মাস্টারের ছেলে শাহীনের বাড়ি।

তিনি জানান, বারাদী বাজার থেকে গরুর মাংস কিনে নিয়ে আসি পরিবারের সবাই মিলে খাবো বলে। আমার বোন মনোয়ারা মাংস গুলো পরিষ্কার করে রান্না করে। এ সময় তেমন কোনো কিছুই চোখে পড়েনি তার।

রান্না শেষে পরিবারের সবাই একসাথে খেতে বসি। আমি যখন মাংস খাচ্ছিলাম আমার বোন মনোয়ারা লক্ষ্য করলো এক খন্ড মাংসের গায়ে আল্লাহ্ লেখা দেখা যায় । সাথে সাথে আমাকে মাংস খেতে নিষেধ করে।

এটি দেখে আমি ও আমার পরিবারের সদস্যরা চমকে যায়। এবং প্রতিবেশীদের ডাক দিলে তারাও এটি দেখে চমকে যায়। পরে বিষয়টি জানাজানি হলে গ্রামের লোকজন ভিড় জমায় দেখার জন্য।
আশেপাশের গ্রাম থেকে ও লোকজন আসে এই আশ্চর্য ঘটনা টি দেখার জন্য।

- নুরুল ইসলাম, বারাদী

কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে বিজয় দিবসের

প্রস্তুতি সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ চত্তরে কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সরোয়ার হোসেনের সঞ্চালনায় কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি সাবেক চেয়ারম্যান হাবিবুল্লাহ বাহারের সভাপতিত্বে বিজয় দিবসের প্রস্তুুতি সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ মো: এনামুল করিম ইনু, আওয়ামী লীগ নেতা কামাল, হামিদ মালিথা, আব্দুর রব মেম্বর, আব্দুল কুদ্দস, লিয়াকত, আবু সিদ্দিক, রেজাউল হক রেজু, আশরাফ আলী, জাহাঙ্গীর আলম, তারিকুজ্জামান, সিরাজুল, জলিল, ইনসান আলী, রিকাব, আশাদুল হক, শফিকুল কল্লা, হারুন অর রশীদ, জুলফিক্কার, আক্কেল আলী, নাজমুল সালেহীন ।

কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি দেলোয়ার হোসেন বিপু, সাধারণ সম্পাদক রিপন, সাংগঠনিক সম্পাদক আলমগীর, কুড়ুলগাছি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি রমজান, সাধারণ সম্পাদক ফারুক, সাংগঠনিক সম্পাদক আশরাফুল, ছাত্রলীগ নেতা জাহিদ, আরিফ, সামাদ, ওয়াসকরুনী, ঝন্টু, স্বপন, সাইদুর প্রমুখ।

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি

চিৎলা ইউনিয়নে বিজয় দিবস উপলক্ষে মত বিনিময় সভা ও কম্বল বিতরণ অনুষ্ঠান

গতকাল শনিবার সন্ধ্যা ছয়টার সময় চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগ কর্তৃক আয়োজিত বিজয় দিবস নিয়ে আলোচনা সভা ও কম্বল বিতরণ অনুষ্ঠানের

আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাহ বাতেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সেক্রেটারি মোজাম্মেল হক।
এছাড়াও উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শমশের, বেল্টু, নজরুল, মালেক, ঝন্টু, হারেজ মিয়া, ভুট্টা মিয়া, মহাসিন, আবুসিদ্দিক প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি নেতাকর্মীদের সাথে বিজয় দিবস সম্পর্কে কিছু দিকনির্দেশনা মূলক বক্তব্য দেন। অনুষ্ঠান শেষে ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও সেক্রেটারির দের হাতে গরিব ও শীতার্ত মানুষের জন্য কম্বল তুলে দেয়।

- চিৎলা প্রতিনিধি

গাংনীতে এম এ খালেক এর উদ্যোগে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

মেহেরপুরের গাংনী উপজেলায় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেকের উদ্যোগে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে।

গতকাল শনিবার দুপুরে দিবসটি উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।
উপজেলা পরিষদ কার্যালয়ের সামনে আয়োজিত অনুষ্ঠানে মেহেরপুর-২ গাংনী আসনের সাবেক সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও মুক্তিযোদ্ধা মো: মকবুল হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদকও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হাজী শফি কামাল পলাশের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সাবেক পৌর মেয়র আহম্মেদ আলী, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক রেজাউল হক, জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক, আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম শাহ, ইয়াছিন রেজা, উপজেলা যুবলীগের সভাপতি মো: মোশাররফ হোসেন, পৌর আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবুল, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু সহ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা কর্মীবৃন্দ।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আওয়ামী লীগের মোমবাতি প্রজ্জ্বলন অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগের আয়োজনে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে মোমবাতি প্রজ্জ্বলন ও র্যালী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে গাংনী বাজার শহীদ রেজাউল চত্বরে দিবসটি উপলক্ষ্যে শুরুতেই শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন শেষে মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকনের নেতৃতত্বে মোমবাতি প্রোজ্জ্বলন করেন নেতা কর্মীরা।

এর আগে একটি র্যালী গাংনী বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।
অনুষ্ঠানে এমপি সাহিদুজ্জামান খোকন ছাড়াও পৌর মেয়র আশরাফুল ইসলাম, জেলা পরিষদের সদস্য ও

উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম, কাউন্সিলর নবিরুদ্দিন, বিআরডিবি সভাপতি ও সাবেক কাউন্সিলর আলি আজগর সহ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে পৃথক সড়ক দুর্ঘটনায় নিহত-২, আহত এক

সদ্য বিবাহিত বাসাদ আলী শশুরবাড়ি যাওয়ার পথে ট্রাকটরের চাপায় নিহত হয়েছে।
গতকাল শনিবার মেহেরপুর সদর উপজেলার দারিয়াপুর-হরিরামপুর মাঠের সড়কে এ ঘটনা ঘটে। নিহত বাসাদ আলী সদর উপজেলার ঝাঝা গ্রামের মহসিন আলীর ছেলে।

স্থানীয়রা জানান, বাসাদ আলী গত এক মাস আগে মালয়েশিয়া থেকে বাড়ি আসে। মাস খানেক হবে দারিয়াপুর গ্রামে বিবাহ করে। শশুরবাড়ি যাওয়ার পথে বিদ্যাধরপুর নামক গ্রামের নিকট পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি মাটি বোঝাই ট্রাকটরের নিচে পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। অপরদিকে, গাংনী-হাটবোয়ালিয়া রোডে অটোগাড়ি দূর্ঘটনায় এক অসুস্থ মহিলা নিহত ও অপর একজনের আহত হওয়ার ঘটনা ঘটেছে।

গতকাল শনিবার দুপুরে গাংনী-হাটবোয়ালিয়া সড়কের কাচাবাজার এলাকায় এ দূর্ঘটনা ঘটে।
প্রত্যক্ষ্যদর্শীরা জানান, জালশুকা থেকে মহিলা রোগী নিয়ে হাড়িয়াদহ মালসাদহ হয়ে গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সের উদ্দেশ্যে যাওয়ার সময় একটি ছাগলকে সাইড দিতে গিয়ে পাখি ভ্যানের সাথে ধাক্কা লেগে রোগীবাহি অটোগাড়িটি উল্টে যায়।

এতে আশেনা নামের এক মধ্যো বয়সি নারীর মুত্যু হয়। তবে মহিলার শরীরে কোন আঘাতের চিহ্ন না থাকায় নিশ্চিত করে স্থানীয়রা বলতে পারছেনা কি কারণে তার মৃত্যু হয়েছে। এদিকে ঐ গাড়িতে থাকা নিহত আশেনা খাতুনের স্বামী জালাল উদ্দিন আহত হয়েছে।

নিহতের পরিবার সুত্রে জানাযায়, আশেনা খাতুন বাড়ি থেকেই অসুস্থ হয়ে যায়। কেউ কেউ ধারনা করে সে স্ট্রোক করেছে। তাই চিকিৎসার জন্য পরিবারের লোকজন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে

আসে। আসার পথে গাংনী কাঁচা বাজারের সামনে এ দূর্ঘটনা ঘটে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরিবারের লোকজনের সাথে কথা বলে পরবর্তিতে ব্যবস্থা নেওয়া হবে।

- নিজস্ব প্রতিবেদক

আইনজীবি ও মুক্তিযোদ্ধা রুস্তম আলী আর নেই

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সদস্য, প্রবীণ আইনজীবী ও মুক্তিযোদ্ধা এম এম রুস্তম আলী ইন্তেকাল করেছেন(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ রবিবার ভোর পোনে ৫টার সময় নিজ বাসভবনে হৃদরোগে আক্রান্ত হয়ে তিদনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭০ বছর। তিনি ২ ছেলে ১ মেয়ে, নাতি নাতনি সহ অসংখ্য গুনাগ্রাহী রেখে গেছেন।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, আজ বাদ আসর মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গনে জানাযা শেষে মেহেরপুর কলেজ মোড়ের পৌর কবরস্থানে দাফন করা হবে।

নিজস্ব প্রতিনিধি

গাংনীতে ২ কেজি গাঁজা সহ দুজন

মহিলা মাদক পাচারকারী গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে ২ কেজি গাঁজা সহ দুজন মহিলা মাদক পাচারকারীকে গ্রেফতার করেছে পুলিশ।
গতকাল শনিবার বিকাল ৪টার দিকে গাংনী উপজেলার কাজিপুর গ্রামের গোলাম বাজার এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন, কুষ্টিয়া জেলার দৌলৎপুর উপজেলার পুড়াপাড়া এলাকার সাহাবুলের স্ত্রী জাহেরা খাতুন (৪৫) ও ভেড়ামারা উপজেলার নওদাপাড়া গ্রামের আব্দুল্লাহ পরামানিকের স্ত্রী মনোয়ারা বেগম (৫০)।

পীরতলা পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই অজয় কুমার কুন্ডু জানান, কাজিপুর গোলাম বাজার এলাকা দিয়ে দুজন মহিলা গাঁজা পাচার করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

এসময় তাদের দুজানের কাছ থেকে এক কেজি করে দুই কেজি গাঁজা উদ্ধার করা হয়।
গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, গ্রেফতারকৃত দুজন মাদক পাচারকারী। তাদের গাংনী থানায় আনার পর জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। দ্রত সময়েরে মধ্যে মাদকের সাথে জড়িতদের সনাক্ত করে গ্রেফতার করা হবে।

মাদ্রক দ্রব্য মামলায় গ্রেফতারকৃত দুজনকে মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে।

- গাংনী প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে শিশুর মৃত্যু

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার কয়রাডাঙ্গা গ্রামে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে রাজু আহম্মেদ (১ বছর) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

শনিবার সকালে নিজ বাড়িতে এ ঘটনা ঘটে। শিশু রাজু আহম্মেদ কয়রাডাঙ্গা গ্রামের ইমরান হোসেনের ছেলে।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) আশিকুর রহমান জানান, শিশুটির মা রুমী খাতুন সকালে রান্নাঘরে রান্না করছিলেন।

এসময় আগুন লেগে বিদ্যুতের তার পুড়ে যায়। আগুন থেকে বাচতে শিশু রাজুকে নিয়ে রান্নাঘর থেকে বেরিয়ে আসার সময় শিশুটি বিদ্যুৎস্পৃষ্ট হয়।

তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি